গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | শ্যামল চন্দ্র কর্মকার<br>অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৪ জানুয়ারি, ২০২৩ খ্রি. |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই তিনি উল্লেখ করেন ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার গুরুত্ব অপরিসীম। টেকসই উন্নয়ন, সুশাসন প্রতিষ্ঠাকরণ এবং সরকারি কার্যক্রমকে আরো বেশি গতিশীল করার জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা অতীব জরুরী। তিনি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ সম্পর্কে আলোকপাত করে বলেন, নতুন নতুন উদ্ভাবনী ধারনা ও ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সরকারি সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য এই কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা অতীব গুরুত্বপূর্ণ। তিনি বলেন, প্রযুক্তি নির্ভর সরকার ব্যবস্থা গড়ে তোলা এবং জনগণের সময়, অর্থ এবং ভোগান্তি হ্রাস করার মাধ্যমে সরকারি সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। তিনি উল্লেখ করেন যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্গত হওয়ায় এপিএতে ভালো করতে হলে উদ্ভাবন পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করা জরুরি। তিনি ইনোভেশন টীমের সদস্যগণকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ যথাযথভাবে অবলোকন করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। অতঃপর তিনি জনাব মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে আওতাধীন দপ্তর / সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

**<u>দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাঃ</u>**

২) সিস্টেম এনালিস্ট মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার মহোদয়কে স্বাগত জানিয়ে তার উপস্থাপনা শুরু করেন। শুরুতেই তিনি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচকসমূহ সকলের সামনে উপস্থাপন করেন এবং কর্মসম্পাদন সূচকসমূহ কিভাবে বাস্তবায়ন করতে হবে সে বিষয়ে আলোকপাত করেন। তিনি জানান, মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা থেকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পাওয়া গেছে। দপ্তর/সংস্থা থেকে প্রেরিত স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা করার জন্যই আজকের এই সভা আয়োজন করা হয়েছে।

৩) শুরুতেই তিনি মৎস্য অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করেন। এরপর প্রমাণক অনুযায়ী মৎস্য অধিদপ্তরের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পুঙ্খানুপুঙ্খভাবে মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। পর্যালোচনাপূর্বক মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত প্রমাণকটি অসম্পূর্ণ বলে প্রতিয়মান হয়। এসময় সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় মন্ত্রণালয়ের প্রমাণক অনুসরণ করে সেই অনুযায়ী প্রমাণক তৈরি করার জন্য উপস্থিত মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যদের প্রতি আহবান জানান। প্রমাণকে সন্নিবেশিত তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত প্রতিবেদনটি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিত ফরম্যাট অনুসরণ করে করা হয়নি বলে তিনি উপস্থিত মৎস্য অধিদপ্তরের প্রতিনিধিদের অবহিত করেন। সভাপতি মহোদয় এসময় মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরম্যাট অনুসারে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদনে প্রমাণকসমূহ যথাযথভাবে সন্নিবেশিত করার নির্দেশ প্রদান করেন। তিনি প্রতিবেদন তৈরি করার বিষয়ে কোনো সমস্যার সম্মুখীন হলে মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট এর সাথে আলোচনা করে তা সমাধান করার পরামর্শ দেন।

৪) এরপর সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করেন। প্রাণিসম্পদ অধিদপ্তরের অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদনটিও মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন অফিসার এবং ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রমাণকটিও যথাযথভাবে করা হয়নি। প্রমাণকসমূহ পর্যালোচনা করে সভাপতি মহোদয় প্রাণিসম্পদ

অধিদপ্তরের ই-নথি কার্যক্রমের হার বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধিদপ্তরের ইনোভেশন টিমের প্রতিনিধিদের নির্দেশ প্রদান করেন।

৫) পরবর্তীতে সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করেন। মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের প্রমাণকটি পর্যালোচনা করা হয় এবং তাদের প্রেরেরিত প্রমাণকটি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক তৈরি করা হওয়ায় সভাপতি মহোদয় বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ইনোভেশন টিমকে ধন্যবাদ প্রদান করেন এবং তাদের এ কার্যক্রম অব্যাহত রাখার প্রতি আহবান জানান।

৬) এরপর বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির প্রেরেরিত প্রমাণক মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয় এবং তাদের প্রমাণক প্রতিবেদনটিও যথাযথভাবে প্রস্তুত করা হয়নি বলে উল্লেখ করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম বৃদ্ধির জন্য পরামর্শ প্রদান করা হয় এবং মন্ত্রণালয়ের প্রমানক অনুসরণ করে প্রমানক তৈরি করার নির্দেশনা প্রদান করা হয়।

৭) পরবর্তীতে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট-এর প্রমাণক পর্যালোচনা করা হয়। গবেষণা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম ৮৫% এ উন্নীত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া গবেষণা প্রতিষ্ঠানটির অর্থ ব্যয় অত্যন্ত কম থাকায় অর্থ ব্যয় বাড়ানোর নির্দেশনা প্রদান করা হয়। এসময় জনাব পুলকেশ মন্ডল, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ নির্ধারিত সময়ের মধ্যে যে কাজগুলো সম্পাদন করার নির্দেশনা দেয়া আছে সে কাজগুলো যথাসময়ে করার জন্য ইনোভেশন টিমের একজন সদস্যকে তা ক্যালেন্ডারে সন্নিবেশিত করে সে অনুযায়ী কার্যসমূহ সম্পাদন করার পরামর্শ দেন।

৮) এরপর মেরিন ফিশারিজ অ্যাকাডেমির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং চিফ ইনোভেশন মহোদয়ের নেতৃত্বে মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। মন্ত্রণালয়ের আওতাধীন একমাত্র শিক্ষা প্রতিষ্ঠানটির ই-নথি কার্যক্রম বৃদ্ধির বিষয়ে পরামর্শ প্রদান করা হয় এবং মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক যথাযথভাবে প্রমাণক তৈরি করার নির্দেশনা প্রদান করা হয়।

৯) পরবর্তীতে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন সকলের সামনে উপস্থাপন করা হয় এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক পর্যালোচনা করা হয়। অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সন্তোষ জ্ঞাপন করা হয় এবং প্রমাণক যথাযথভাবে তৈরি করার পরামর্শ প্রদান করা হয়।

১০) সর্বশেষ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং পর্যালোচনা করা হয়। ই-নথি কার্যক্রম বৃদ্ধিসহ বাকি কার্যক্রমগুলো যথাযথভাবে সম্পাদন করার নির্দেশনা প্রদান করা হয়।

১১) মন্ত্রণালয়ের চিফ ইনোভেশন মহোদয় এবং ইনোভেশন টিম কর্তৃক আওতাধীন দপ্তর/সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন এবং প্রমাণকসমূহ পর্যালোচনা করে দপ্তর/সংস্থাকে নিম্নোক্তভাবে মূল্যায়ন / অর্জন নিরূপন করা হয়ঃ

| ক্রম. | মন্ত্রণালয় / দপ্তর / সংস্থা | প্রাপ্ত স্কোর |
|---|---|---|
| ১. | মৎস্য অধিদপ্তর | ১৮.২৫ |
| ২. | প্রাণিসম্পদ অধিদপ্তর | ১৭.০০ |
| ৩. | বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ২১.০০ |
| ৪. | বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট | ১৫.৫০ |
| ৫. | বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট | ১২.৬৮ |
| ৬. | মেরিন ফিশারিজ একাডেমী | ১৪.২২ |
| ৭. | বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ১৭.৫০ |
| ৮. | মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ১৭.৩০ |

১২) <u>সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ</u>

১২.১) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য যে নির্দিষ্ট তারিখ নির্ধারিত আছে তার মধ্যেই সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে।

১২.২) আওতাধীন দপ্তর / সংস্থার ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২.৩) আওতাধীন দপ্তর / সংস্থার তথ্য বাতায়ন হালনাগাদ রাখতে হবে এবং তথ্য বাতায়ন হালনাগদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের মূল্যায়ন নির্দেশিকা এবং মন্ত্রণালয়ের প্রতিবেদন ফরম্যাট অনুসরণ করে যথাযথ প্রমাণকসহ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১২.৪) দপ্তর / সংস্থার স্ব-মূল্যায়ন প্রতিবেদনের প্রমানকসমূহ যথাযথভাবে সন্নিবেশত করতে হবে।

১২.৫) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম ই-নথিতে সম্পন্ন করতে হবে এবং মন্ত্রণালয়ে সকল পত্র ই-নথিতে প্রেরণ করতে হবে।

১২.৬) দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

১৩) অতঃপর সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

শ্যামল চন্দ্র কর্মকার
অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২২.২৮

তারিখ: ১৫ মাঘ ১৪২৯
২৯ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
৩) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
৪) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
৫) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
৬) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
৭) রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল
৮) উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
৯) উপসচিব, মৎস্য পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১০) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১১) উপসচিব, মনিটরিং-১ শাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১২) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), মৎস্য পরিকল্পনা-১ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট